

## ‘জরুরি’ অবস্থা ঘোষণা:ওমিক্রনের জলোচ্ছাস আসছে:জনসন

- A Monitor Desk Report

Date: 13 December, 2021



কারো সন্দেহ থাকার উচিত নয় যে ওমিক্রনের জলোচ্ছাস আসছে। টেলিভিশনে দেশবাসীকে এমন সতর্কবার্তা দিয়েছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী বরিস জনসন।

গতকাল সন্ধ্যায় টেলিভিশন ভাষণে 'ওমিক্রন ইমার্জেন্সি' ঘোষণার পাশাপাশি ব্রিটিশ প্রধানমন্ত্রী এই সতর্কবার্তা দিয়ে বলেন, চলতি সপ্তাহ থেকে ইংল্যান্ডে ১৮ বছরের বেশি বয়সীদের করোনার বুস্টার ডোজ দেওয়া হবে।

করোনার নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন ছড়িয়ে পড়ায় যুক্তরাজ্যে ৪ নম্বর কোভিড সতর্কতা ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যেই প্রধানমন্ত্রী জনসন 'ওমিক্রন জলোচ্ছাসের' হুঁশিয়ারি দেন।

তিনি বলেন, 'ওমিক্রন মোকাবিলায় আমাদের এখন জরুরি অবস্থার মুখোমুখি হতে হচ্ছে। এটা পরিষ্কার যে আমাদের রক্ষায় ২ ডোজ টিকাই যথেষ্ট নয়। বুস্টার ডোজের মাধ্যমে আমরা কাজিফত মাত্রায় নিরাপত্তা পেতে পারি।'

'এখন পর্যন্ত আমাদের বিজ্ঞানীরা বলছেন যে ওমিক্রন ততোটা ভয়ঙ্কর নয়,' উল্লেখ করে জনসন আরও বলেন, 'যদি তা সত্য প্রমাণিত হয় তারপরও আমরা জেনেছি যে ওমিক্রন দ্রুত ছড়িয়ে পড়ে। এর কারণে অনেকের হাসপাতালে ভর্তির ঝুঁকি থাকে। এমনটি হলে আমাদের স্বাস্থ্য ব্যবস্থার ওপর বাড়তি চাপ পড়বে। এটি অনেকের মৃত্যুর কারণও হতে পারে।'